সংবাদ

তারিখ 24 JUN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি প্রা. শিক্ষকদের চাকরি জাতীয়করণের বরাদ্দ না থাকায় ৩৬ ঘণ্টা অবস্থান ধর্মঘটসহ অন্য কর্মসূচি ঘোষণা

**নিজস্ব বার্তা পরিবেশক :** বর্তমান বাজেটে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণের জন্য অর্থ বরাদ্দ না করায় বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি ৩৬ ঘণ্টা লাগাতার অবস্থান ধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে। সোমবার বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এই কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে ৩০শে জুন পর্যন্ত সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত কর্মবিরতি। ১লা জুন থেকে কর্মবিরতি শুরু হয়েছে।

১লা জুলাই থেকে ৩০শে আগস্ট পর্যন্ত প্রত্যেক জেলায় পর্যায়ক্রমে জেলা প্রশাসকের কার্যালয় সম্মুখে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত অবস্থান ধর্মঘট, বিক্ষোভ ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান। প্রধানমন্ত্রীকে দেয়া স্মারকলিপির অনুলিপির কপি স্ব-স্ব এলাকার সংসদ সদস্যদের প্রদান, ৯ই সেপ্টেম্বর দুপুর ১২টায় ঢাকার ঐতিহাসিক পল্টন ময়দানে শিক্ষক মহাসমাবেশ ও বিক্ষোভ মিছিল, ৯ই সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে পল্টন ময়দানে ৩৬ ঘণ্টা লাগাতার অবস্থান ধর্মঘট। ধর্মঘটশেষে পরবর্তী কর্মসূচি ঘোষণা। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ শামসুল আলম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা মো. মোকাদ্দেম হোসেন ও সুলতান আলম মল্লিক, যুগ্ম মহাসচিব আবদুর রহমান বাচ্চু, সহ-সভাপতি শহীদুল ইসলাম খান, এম.এ মান্নান প্রমুখ।